

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)



পিকেএসএফ এর বাতিলযোগ্য পরিসম্পদের অবলোপন নীতিমালা

এপ্রিল, ২০০২

৯

বিষয় : পি কে এস এফ এর ব্যবহার-অনুপযুক্ত, অকেজো, খোয়া যাওয়া পরিসম্পদের Scrapping, Condemnation ও অবলোপন (Write-off) নীতিমালা

উদ্দেশ্য

পুলী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সম্পদ বা পরিসম্পদের জীবন-কাল বা ব্যবহার-উপযোগিতা নিঃশেষ, বিনষ্ট বা মেরামতের অনুপযুক্ত হলে তা হিসাব বহি থেকে নিষ্করণ করা প্রয়োজন। এ নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য হল উল্লেখিত যে কোন কারণে কোন স্থায়ী পরিসম্পদের ব্যবহার-উপযোগিতা নিঃশেষ বা অবলুপ্ত হলে তা হিসাব বহি থেকে অবলোপনের ব্যবস্থা করা।

পদ্ধতি

- ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (প্রশাসন শাখা) বছরে একবার সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে স্থায়ী পরিসম্পদের বস্তুগত (physical) অবস্থান নিশ্চিত ও ব্যবহার-উপযোগিতা নিঃশেষিত পরিসম্পদ, শনাক্ত করবে। অবশ্য বৎসরের যে কোন সময় কোন স্থায়ী সম্পদ বাতিলযোগ্য ঘোষণা করার মত পরিস্থিতির উদ্ভব হলে তার অনতিবিলম্বে scrapping রিপোর্ট তৈরী করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপযোগিতা নিঃশেষিত পরিসম্পদের মধ্যে ব্যবহার অনুপযুক্ত হওয়া, বিনষ্ট হওয়া, ভেঙ্গে যাওয়া, হারিয়ে যাওয়া এবং চুরি যাওয়া সামগ্রী অন্তর্ভুক্ত হবে।
- ২। এজেন্সি কর্তৃপক্ষ প্রশাসন শাখা থেকে একজন এবং প্রশাসনের বাইরে থেকে দু'জন কর্মকর্তা সমন্বয়ে একটি 'যাচাই কমিটি' গঠন করবেন। এই কমিটি পরিদর্শন করে বাতিলযোগ্য পরিসম্পদ শনাক্ত করবে এবং এ সবার অবস্থার বিবরণসহ একটি তালিকা প্রস্তুত করে গঠিত Condemnation কমিটির নিকট প্রেরণ করবে।
- ৩। Condemnation কমিটি উপযোগিতা-নিঃশেষিত পরিসম্পদের তালিকা পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনার মাধ্যমে চূড়ান্ত করার পর যেগুলো বিক্রয়যোগ্য হবে সেগুলো বিক্রয় এবং যেগুলো বাতিলযোগ্য হবে সেগুলো বাতিল ঘোষণার জন্য ব্যবস্থাপনা পরিচালকের নিকট সুপারিশসহ উপস্থাপন করবে। ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত দেবেন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালকের সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণপূর্বক প্রশাসন শাখা অবলোপনের প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালকের নিকট চূড়ান্তভাবে অনুমোদনের জন্য উপস্থাপন করবে।
- ৫। বাতিলযোগ্য (Obsolete) সমুদয় সম্পত্তির মোট অবচয়িত মূল্য দশ লক্ষ টাকার অনধিক হলে ব্যবস্থাপনা পরিচালক অবলোপনের সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং দশ-লক্ষ টাকার অধিক অবচয়িত মূল্যের পরিসম্পদ অবলোপনের ক্ষমতা ফাউন্ডেশনের পর্ষদের উপর ন্যস্ত হবে।

CONDEMNATION-কমিটির গঠন

CONDEMNATION-কমিটির গঠন ফাউন্ডেশনের বর্তমান ক্রয় কমিটির অনুরূপ হতে পারে -

CONDEMNATION কমিটি -১

(ক) উপ-ব্যবস্থাপনা পরিচালক	-	সভাপতি
(খ) উপদেষ্টা	-	সদস্য
(গ) মহাব্যবস্থাপক (প্রশাসন)	-	সদস্য
(ঘ) ব্যবস্থাপক (প্রশাসন)	-	সদস্য-সচিব

কমিটি-১ ফাউন্ডেশনের ৫.০ (পাঁচ) লক্ষ বা তদুর্দ্ধ টাকার বিক্রয়যোগ্য এবং/বা বাতিলযোগ্য স্থায়ী পরিসম্পদের বিক্রয় এবং/বা বাতিল ঘোষণার কার্য সম্পন্ন করবে।

CONDEMNATION কমিটি -২

(ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)	-	সভাপতি
(খ) ব্যবস্থাপক (MIS)	-	সদস্য
(গ) ব্যবস্থাপক (প্রশাসন)	-	সদস্য-সচিব

কমিটি-২ ফাউন্ডেশনের ২০.০ (বিশ) হাজার টাকার উপর এবং ৫.০ (পাঁচ) লক্ষ টাকার নীচে বিক্রয়যোগ্য এবং/বা বাতিলযোগ্য স্থায়ী পরিসম্পদের বিক্রয় এবং/বা বাতিল ঘোষণার কার্য সম্পন্ন করবে। ২০.০ (বিশ) হাজার টাকার নীচে বিক্রয়যোগ্য এবং/বা বাতিলযোগ্য স্থায়ী পরিসম্পদের বিক্রয় এবং/বা বাতিল ঘোষণার ক্ষেত্রে CONDEMNATION নীতিমালা অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন সাপেক্ষে বিক্রয় এবং/বা বাতিলযোগ্য ঘোষণা কার্য সম্পন্ন করতে হবে।

SCRAPPING, CONDEMNATION পদ্ধতি

- ১। যে সমস্ত স্থায়ী পরিসম্পদের Obsolete চিহ্নিত করা হবে প্রশাসন শাখা সে সমস্ত সম্পত্তির তালিকা প্রস্তুত করে Condemnation কমিটির নিকট উপস্থাপন করবে।
- ২। তালিকা পাবার পর Condemnation কমিটি স্থায়ী পরিসম্পদ সমূহের সরেজমিনে পরিদর্শন করবে। Condemnation কমিটি যদি মনে করে কোন পরিসম্পদ ব্যবহারের অনুপযুক্ত (scrapped) বা বাতিলযোগ্য (Condemned) হয়েছে, তবে সেগুলো বিক্রয় বা বিনষ্ট করার সুপারিশ করবে।
- ৩। পরিসম্পদ খোয়া, চুরি, হারিয়ে বা খুঁজে পাওয়া না গেলে পরিস্থিতি পর্যালোচনা পূর্বক প্রশাসন শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে তদন্তের ব্যবস্থা নিয়ে এবং চুরির ক্ষেত্রে প্রয়োজনে থানায় FIR (First Information Report) করার ব্যবস্থা নিবে।
- ৪। যদি কোন চাকুরের গাফিলতির কারণে সম্পত্তির ক্ষতি সাধিত হয় সেক্ষেত্রে দায়বদ্ধতা নিরূপণ (Liabilities fix-up) পূর্বক প্রশাসন শাখা ক্ষতিপূরণ পুনরুদ্ধারের সুপারিশ করবে।
- ৫। Condemnation কমিটি বিক্রয়মূল্য নির্ধারণে বাজারমূল্য বিবেচনা করবে।

DISPOSAL PROCEDURE:

বিক্রয়ের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

১। সমুদয় পরিসম্পদ উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে বিক্রয় করতে হবে।

২। বিক্রয়ের ক্ষেত্রে Condemnation কমিটির ধার্যকৃত মূল্য সর্বনিম্ন মূল্য হিসেবে বিবেচিত হবে। বিক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ দর উদ্ধৃতকারীর নিকট মালামাল বিক্রয় করতে হবে এবং কোটেশন জমা দেওয়ার সময় মোট মূল্যের ১৫% জমা নিতে হবে। বাকী ৮৫% টাকা পরিসম্পদ গ্রহণের সময় জমা নিতে হবে। যদি কোন পার্টি কোটেশনে অংশ গ্রহণ করে ১৫% মূল্য জমা রাখেন এবং পরবর্তীতে সেই মালামাল গ্রহণে ব্যর্থ হন তার জমাকৃত ১৫% অর্থ জব্দকৃত বলে বিবেচিত হবে।

নিষ্করণিত (disposed) স্থায়ী পরিসম্পদের সমন্বয় :

১। পরিসম্পদ Condemned ঘোষণার সাথে সাথে যত তাড়াতাড়ি সম্ভব বিক্রয়যোগ্য পরিসম্পদ বিক্রয় করার ব্যবস্থা নিতে হবে। এ ক্ষেত্রে বিক্রয়কৃত অর্থ অবচয়িত মূল্যের (written-down value) বেশী/কম হলে তা আয়/ক্ষতি হিসেবে বিবেচিত হবে।

নিম্নে ফাউণ্ডেশনের পরিসম্পদ অনুপযুক্ত ঘোষণার জন্য উপস্থাপিত ফর্মের নমুনা দেওয়া হল :-

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	ক্রয়ের তারিখ	ক্রয়মূল্য	অবচয়িত মূল্য	মন্তব্য

বিক্রয়যোগ্য পরিসম্পদ বিক্রয়ের পর বাতিলযোগ্য স্থায়ী সম্পত্তি অবলোপন (write-off) করার জন্য প্রশাসন শাখা ব্যবস্থাপনা পরিচালকের কাছে পৃথক প্রস্তাব পাঠাবে। যে সমস্ত পরিসম্পদ ব্যবহারের অনুপযুক্ত বলে বিবেচিত হবে, সেগুলোর আর্থিক ক্ষতি/লাভ নির্ধারণ করতে হবে। এছাড়া, খোয়া যাওয়া পরিসম্পদ স্থায়ী সম্পদ রেজিস্টার ও হিসাব বহি থেকে বাদ দিতে হবে এবং নিম্নোক্ত এন্ট্রির মাধ্যমে নিষ্করণিত স্থায়ী পরিসম্পদ হিসাবভুক্ত করতে হবে।

নিষ্করণিত (disposed) স্থায়ী পরিসম্পদ হিসাবভুক্তকরণ

বিক্রয়ের ক্ষেত্রে

Dr. Fixed Assets Sold Account

Cr. Fixed Assets Account (Cost Price)

(খ) Dr. Cash Account

Cr. Fixed Assets Sold Account

(গ) Dr. Accumulated Depreciation Account

Cr. Fixed Assets Sold Account

বাতিলের ক্ষেত্রে

(ক) Dr. Fixed Assets obsolete Account


Cr. Fixed Assets Account (Cost Price)

(খ) Dr. Accumulated Depreciation Account

Cr. Fixed Assets obsolete Account

The result of Fixed Assets Sold Account and Fixed Assets Obsolete Account will be directly transferred to Income Statement.

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।


(ডঃ সালেহউদ্দিন আহমেদ)
ব্যবস্থাপনা পরিচালক